



নেত্রকোণা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা-২৪০০, বাংলাদেশ
পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
ওয়েবসাইট: www.neu.ac.bd

নম্বর: ৩৭.০১.৭২০১.০০০.০০৯.৯৯.০০০১.২৫.৫

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বিষয়: 'রবীন্দ্র-নজরুল স্মরণানুষ্ঠান-২০২৫'- শীর্ষক আয়োজনে অংশগ্রহণ ও দায়িত্ব পালন প্রসঙ্গে।
উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানাচ্ছি যে, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় এবং জাতীয় রবীন্দ্রসঙ্গীত সম্মিলন পরিষদ, নেত্রকোণা জেলা শাখার যৌথ উদ্যোগে আগামী ৩১ আগস্ট ২০২৫ খ্রি. তারিখ রবিবার বিকেল ৪.০০টায় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের ক্যাফেটেরিয়া ভবনে 'রবীন্দ্র-নজরুল স্মরণানুষ্ঠান-২০২৫' শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. খন্দকার মোহাম্মদ আশরাফুল মুনিম। আলোচক হিসেবে উপস্থিত থাকবেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. আনিছা পারভীন; প্রফেসর ড. আফজাল রহমান, সাবেক বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, নেত্রকোণা সরকারি কলেজ; অধ্যাপক ড. শরমিন্দ নীলোৎপল, স্কুল অব ফার্মাসি, ব্রাক ইউনিভার্সিটি, বাংলাদেশ; ড. সুমা রানী রায়, সহযোগী অধ্যাপক, সংগীত বিভাগ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় এবং এডভোকেট পূরবী কুণ্ডু, সভাপতি, জাতীয় রবীন্দ্রসঙ্গীত সম্মিলন পরিষদ, নেত্রকোণা জেলা শাখা। সাংস্কৃতিক অনুষ্ঠানে যৌথভাবে অংশগ্রহণ করবেন নেত্রকোণা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থী এবং জাতীয় রবীন্দ্রসঙ্গীত সম্মিলন পরিষদ, নেত্রকোণা জেলা শাখার শিল্পীবৃন্দ। আমন্ত্রিত শিল্পীবৃন্দের পরিবেশনায় থাকবে একক সংগীতায়োজন। উক্ত অনুষ্ঠানকে সার্বিকভাবে সাফল্যমণ্ডিত করার লক্ষ্যে আমন্ত্রিত অতিথিবৃন্দ, শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দের অংশগ্রহণ এবং দায়িত্ব (নামের পাশে বর্ণিত) পালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে-

২৮-০৮-২০২৫
ড. মোহাম্মদ হারুন-অর-রশিদ
রেজিস্ট্রার

নম্বর: ৩৭.০১.৭২০১.০০০.০০৯.৯৯.০০০১.২৫.৫/১ (২৩)

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও কার্যার্থ প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ট্রেজারার, ট্রেজারার দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ২। ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ৩। ডিন, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ৪। ডিন, কলা অনুষদ, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ৫। প্রফেসর আফজাল রহমান, সাবেক বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, নেত্রকোণা সরকারি কলেজ (অনুষ্ঠানে আলোচক হিসেবে অংশগ্রহণের অনুরোধসহ)।
- ৬। ড. শরমিন্দ নীলোৎপল, অধ্যাপক, স্কুল অব ফার্মাসি, ব্রাক ইউনিভার্সিটি, বাংলাদেশ (আলোচনা এবং সাংস্কৃতিক আয়োজনে অংশগ্রহণের অনুরোধসহ)।
- ৭। ড. সুমা রানী রায়, সহযোগী অধ্যাপক, সংগীত বিভাগ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ (আলোচনা এবং সাংস্কৃতিক আয়োজনে অংশগ্রহণের অনুরোধসহ)।

- ৮। জনাব পূর্ববী কুণ্ড, এডভোকেট, জাতীয় রবীন্দ্রসঙ্গীত সম্মিলন পরিষদ, নেত্রকোণা জেলা শাখা (আলোচনা এবং সাংস্কৃতিক আয়োজনে অংশগ্রহণের অনুরোধসহ)।
- ৯। বিভাগীয় চেয়ারম্যান, সকল বিভাগ, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ১০। দপ্তর প্রধান, সকল দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ১১। প্রক্টর, প্রক্টর অফিস, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (নিরাপত্তা নিশ্চিতকরণের অনুরোধসহ)।
- ১২। অতিরিক্ত পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি), নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ১৩। শিক্ষকবৃন্দ, সকল বিভাগ, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ১৪। ভারপ্রাপ্ত শিক্ষক, জনসংযোগ দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (আলোকচিত্র ধারণ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১৫। শিক্ষার্থীবৃন্দ, সকল বিভাগ, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা।
- ১৬। কর্মকর্তাবৃন্দ(সকল), নেত্রকোণা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা।
- ১৭। পি. এস. টু ভাইস-চ্যান্সেলর, ভাইস-চ্যান্সেলর দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ১৮। এস্টেট অফিসার, এস্টেট শাখা, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (আমন্ত্রিত অতিথিদের জন্য ৩১ আগস্ট ২০২৫ খ্রি. তারিখ রবিবার বিশ্ববিদ্যালয়ের নেত্রকোণা গেস্টহাউজে কক্ষ বরাদ্দের ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ)।
- ১৯। এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল), প্রকৌশল শাখা, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ২০। ট্রান্সপোর্ট অফিসার (অতিরিক্ত দায়িত্ব), পরিবহন শাখা, নেত্রকোণা বিশ্ববিদ্যালয় (আমন্ত্রিত অতিথিবৃন্দ, শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও শিল্পীবৃন্দকে পরিবহন সুবিধা প্রদানের অনুরোধসহ)।
- ২১। প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), ড্রেজারার দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ২২। পিএ টু রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, নেত্রকোণা বিশ্ববিদ্যালয়।
- ২৩। কর্মচারীবৃন্দ (সকল), নেত্রকোণা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা।



Shkhan

২৭-০৮-২০২৫
মোঃ সোহেল হায়দার খান
সহকারী রেজিস্ট্রার